

প্রাথমিক বৃত্তি পেল
৫৪ হাজার ৫৩০
জন্য শিক্ষার্থী

ইত্তেফাক রিপোর্ট

২০১২ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এবার ৫৪ হাজার ৫৩০ জন শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। এর মধ্যে ২১ হাজার ৯৮০ জন মেধাবৃত্তি (ট্যালেন্টপুল) এবং ৩১ হাজার ৪৬৮ জন সাধারণ বৃত্তির জন্য মনোনীত হয়েছে। এছাড়া সম্পূর্ণক বৃত্তি পৃষ্ঠা ২৩ কলাম ৫

প্রথম পৃষ্ঠার পর
(নিম্নে ওয়ার্ডে কোটা পূরণ না হলে অন্য ওয়ার্ড থেকে বৃত্তি) দেয়া হয়েছে এক হাজার ৮২ জনকে। প্রাথমিক শিক্ষা সমাপনার ফলাফলের ওপর ভিত্তি করে বৃত্তির তালিকা নির্ধারণ করা হয়।

এবার মেধাবৃত্তিপ্রাপ্ত প্রত্যেক শিক্ষার্থী প্রতি মাসে দু'শ' টাকা এবং সাধারণ বৃত্তিপ্রাপ্তরা মাসে দশ'শ' টাকা করে পাবে। এছাড়া বৃত্তিপ্রাপ্ত সবাই বছরে এককালীন দশ'শ' টাকা করে পাবে। গতকাল বুধবার প্রাথমিক ও পদবিভাগ মন্ত্রী আফজালুল আনীন সচিবালয়ে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান।

এ বছর ঢাকা বিভাগে ১৬ হাজার ৯ জন, চট্টগ্রাম বিভাগে ১১ হাজার ২১ জন, রাজশাহীতে ৭ হাজার ৬৭৩ জন, বুলনায় ৬ হাজার ১৯৭ জন, রংপুরে ৫ হাজার ৯৮৮ জন, সিলেটে ৩ হাজার ৮৩৬ জন এবং বরিশাল বিভাগে ৩ হাজার ৮০৬ শিক্ষার্থী বৃত্তি পেয়েছে। ২০১২ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার ২৬ লাখ ৪১ হাজার ৯০৩ জন অংশ নিয়ে ২৪ লাখ ১৫ হাজার ৩৪১ জন উত্তীর্ণ হয়।